



## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

রাজশাহীশিক্ষাবোর্ড.বাংলা

স্মারক নম্বর: রাশিবো/উমা/১/৪২/পনি-৪২৫

তারিখ : ২৩/০৬/২০২৬ খ্রি.

বিষয় : ২০২৬ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষায় সেভেন্থ-ডে অ্যাডভেন্টিস্ট সম্প্রদায়ের শনিবারের পরীক্ষা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: পরিচালক, শিক্ষা বিভাগ, সেভেন্থ-ডে অ্যাডভেন্টিস্ট চার্চ অব বাংলাদেশ-এর ১৯/০৫/২০২৬ তারিখের পত্র

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, ২০২৬ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষায় সেভেন্থ-ডে অ্যাডভেন্টিস্ট সম্প্রদায়ের অন্তর্ভুক্ত পরীক্ষার্থীরা ধর্মীয় বিধিনিষেধের কারণে সময়সূচি অনুযায়ী শনিবার অনুষ্ঠিতব্য পরীক্ষাগুলোতে পূর্ব নির্ধারিত সময়ের পরিবর্তে সন্ধ্যা ৬.০০ টা থেকে রাত ০৯.০০ টা পর্যন্ত সময়ে পরীক্ষায় অংশগ্রহণ করবে। তবে শর্ত থাকে যে,

১. উল্লিখিত সম্প্রদায়ের অন্তর্ভুক্ত পরীক্ষার্থীরা শনিবার সকাল ১০:০০ টার পূর্বে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হবে ও পরীক্ষা কেন্দ্রের নির্দিষ্ট কক্ষে অবস্থান করবে এবং তাদের জন্য নির্ধারিত সময়ে পরীক্ষায় অংশগ্রহণ করবে।
২. পরীক্ষা কেন্দ্রে প্রবেশের পর তাদের সাথে প্রবেশপত্রে উল্লিখিত দ্রব্যের বাইরে কিছু থাকবে না।
৩. কোন অবস্থাতেই তারা পরীক্ষা কেন্দ্রের নির্দিষ্ট কক্ষের বাইরে যেতে পারবে না এবং বাইরের কারো সঙ্গে যোগাযোগ করতে পারবে না।

এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

  
প্রফেসর ইফফাত জেরীন 23.6.26

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

জেলা প্রশাসক

রাজশাহী/নবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট

স্মারক নম্বর: রাশিবো/উমা/১/৪২/পনি-

তারিখ : ২৩/০৬/২০২৬ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

১. ভারপ্রাপ্ত কর্মকর্তা, রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন ২০২৬ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার সকল কেন্দ্র
২. পরিচালক, শিক্ষা বিভাগ, সেভেন্থ-ডে অ্যাডভেন্টিস্ট চার্চ অব বাংলাদেশ, ১৪৯, শাহ আলীবাগ, মিরপুর-১, ঢাকা- ১২১৬
৩. নির্বাহী সচিব, সেভেন্থ-ডে অ্যাডভেন্টিস্ট চার্চ অব বাংলাদেশ, ১৪৯, শাহ আলীবাগ, মিরপুর-১, ঢাকা- ১২১৬
৪. উপজেলা নির্বাহী অফিসার, রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা
৫. একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
৬. অফিস নথি



মোসাঃ সেলিনা পারভীন

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (উচ্চ মাধ্যমিক)

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী